দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 MAY 203
পৃঃ ৩ / ৪

# ২৫তম বিসিএস পরীক্ষার্থীদের জ্ঞাতব্য

বাসস ॥ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাংলা ও ইংরেজী বিষয়ে পৃথক পৃথকভাবে ৪৫ শতাংশ নম্বরধারী প্রার্থীরা বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। বাংলাদেশ সরকারী কর্মকমিশন সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নিয়েছে। (৯ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ২৫তম বিসিএস

(৩য় পৃঃ পর)

এ বিষয়টি ২৫তম বিসিএস পরীক্ষা থেকে কার্যকর হবে। গত বৃহস্পতিবার সংসদে পেশকৃত সরকারী কর্মকমিশনের বার্ষিক প্রতিবেদনে একথা বলা হয়। রিপোর্টে বলা হয়, ইংরেজী ও বাংলা ভাষায় দক্ষতার ঘাটতির কারণে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের কাজের মানের ক্রমাবনতি হচ্ছে। রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মদের সঙ্গে কর্মকমিশনের চেয়ারম্যান অধ্যাপিকা জেড এন তাহমিদা বেগম সাক্ষাৎ করলে তিনি বিষয়টি সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেন। কমিশন বিষয়টি পর্যালোচনা করে সরকারের বিভিন্ন কর্মকাণ্ডে গতিশীলতা এবং ইংরেজী ও বাংলা ভাষা জ্ঞানের দক্ষতা আনতেই এ সিদ্ধান্ত নিয়েছে।